

## অন্যান্যদের সাথে দেখা সাক্ষাৎ - নিরাপত্তা সুরক্ষা সম্পর্কিত হালনাগাদ তথ্য

পরিবার ও বন্ধুবান্ধবদের সাথে দেখা সাক্ষাৎ এর ব্যাপারে নির্দেশনাটি ১৪ই সেপ্টেম্বর ২০২০ তারিখে পরিবর্তন হয়েছে।

### বন্ধুবান্ধব ও পরিবারের সদস্যদের সাথে দেখা করা

আপনি যেসব পরিবারের সদস্য ও বন্ধুবান্ধবের সাথে থাকেন না তাদের সাথে দেখা করার সময় আপনাকে নিম্নোক্ত নির্দেশনাগুলো মেনে চলার পরামর্শ প্রদান করা হলঃ

- [সামাজিক দূরত্ব বজায় রাখার বিধিমালা](#) মেনে চলুন (আপনার থেকে অন্যদের ২ মিটার দূরত্ব বজায় রাখা)
- অল্প সময়ের মধ্যে আপনি ভিন্ন ভিন্ন কতজন মানুষের সাথে সামাজিকভাবে দেখা সাক্ষাৎ করবেন সেটি সীমিত রাখুন।
- সম্ভব হলে লোকজনের সাথে বাইরে দেখা করুনঃ লোকজনের সাথে বাসার ভেতরে দেখা করার চাইতে বাসার বাইরে দেখা করা নিরাপদ, কারণ বাইরে বিশুদ্ধ বাতাস চলাচল ব্যবস্থা ভাল থাকে।

আপনি দলবদ্ধভাবে বাইরে বা ভেতরে (বাসার ভেতরে সহ) **সর্বোচ্চ ৬ জন লোকের** সাথে দেখা করতে পারেন যাদের সাথে আপনি বসবাস করেন। এটিকে বলা হয় ‘রুল অফ সিক্স’ আর এটি অবশ্যই মেনে চলতে হবে কারণ এটিই আইন।

### নতুন আইন

আগামী ১৪ই সেপ্টেম্বর থেকে আইন হল আপনি যাদের সাথে বসবাস করেন না এধরণের সর্বোচ্চ ৬ জনের বেশী লোকের একটি গ্রুপের সাথে দেখা সাক্ষাৎ করলে সেটি বে আইনি হবে ( যদি না তারা আপনার ‘[সাপোর্ট বাবলের](#)’ অংশ না হয় – সাপোর্ট বাবল হবে শুধুমাত্র অন্য একটি মাত্র বাসার লোকজন – তারা একত্রে ছয় জনের বেশী হতে পারবে)। পুলিশ আইনগত এই বিধিনিষেধ প্রয়োগ করতে পারে এবং £১০০ জরিমানা করতে পারে (একটি ফিঞ্চড পেনাল্টি নোটিশ) পরবর্তীতে আবারো আইন ভঙ্গ করা হলে এটি বৃদ্ধি পেয়ে সর্বোচ্চ £৩২০০ হতে পারে। এছাড়া আপনি আইনি এই বিধিনিষেধ না মানলে আপনার বিরুদ্ধে একটি ফৌজদারি অপরাধ করার রেকর্ড হতে পারে।

৬ জনের বেশী লোকের গ্রুপেরা যেসব ক্ষেত্রে সাক্ষাৎ করতে পারবেনঃ

- যেখানে সবাই একত্রে বসবাস করেন বা সবাই একই [সাপোর্ট বাবলের অন্তর্ভুক্ত](#) (আপনার বাসার লোকজন এর সাথে অন্য আরেকটি বাসার লোকজন), বা বর্তমানে থাকা বন্দোবস্ত চালিয়ে যাওয়া যেখানে তাদের পিতামাতাদের মত বাচ্চারা একই বাসাতে থাকে না।
- কাজের জন্য, যার মধ্যে রয়েছে ভলিউনটারি ও দাতব্য সেবা তার মধ্যে ডিমেনশিয়া থাকা বয়স্ক ব্যক্তিদের সহায়তা করা অন্তর্ভুক্ত
- বিশেষ অসুবিধার মুখোমুখি হওয়া লোকজনের জন্য সাপোর্ট গ্রুপের বন্দোবস্ত করা যার মধ্যে রয়েছেঃ দীর্ঘ দিন যাবত থাকা অসুখ যেমন ডিমেনশিয়া (এর মধ্যে কেয়ারারদের সহায়তাও অন্তর্ভুক্ত) এবং যেসব লোকজনের নিকটাত্মীয় কেউ মারা গেছেন তাদের জন্য সহায়তা গ্রুপ।
- লেখাপড়া, প্রশিক্ষণ, বা নিবন্ধিত চাইল্ড কেয়ার (এর মধ্যে বিশেষ চাইল্ড কেয়ার অন্তর্ভুক্ত)
- আইনি বাধ্যবাধকতা মেনে চলা যেমন আদালতে যাওয়া বা জুরি সার্ভিসে অংশ গ্রহণ করা
- জরুরী সেবা সহায়তা প্রদান, বা ঝুঁকিতে থাকা একজন ব্যক্তিকে সহায়তা প্রদান।
- আপনার বা অন্য কারো অসুস্থতা, আঘাত বা ক্ষতি এড়িয়ে চলতে
- বিবাহ এবং সিভিল পার্টনারশীপ এবং রিসেপশন, বা অন্যান্য জীবন মুখী ধর্মীয় অনুষ্ঠান- সেসব ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ জন মানুষ একত্রিত হতে পারবেন
- শেষকৃত্য অনুষ্ঠান – যেক্ষেত্রে সর্বোচ্চ ৩০ জন মানুষ একত্রিত হতে পারবেন
- ইনডোর এবং আউটডোর ক্রীড়ার আয়োজন করা, শারীরিক কর্মকাণ্ড ও ব্যায়ামের ক্লাস ([রিক্রিয়েশনাল টিম স্পোর্ট](#), [আউটডোর স্পোর্টস](#) এর তালিকাটি দেখুন এবং [জিমস এবং লেজার সেন্টার নির্দেশনার আলোকে](#) ব্যায়াম করার অনুমোদন রয়েছে সেটি দেখুন)
- কোভিড -১৯ এর নিরাপত্তা সংক্রান্ত নির্দেশনা মেনে ও কঠোর ঝুঁকি মূল্যায়নের পর প্রতিবাদ ও রাজনৈতিক কর্মকাণ্ড আয়োজন করা হলে সেটি।

আরও তথ্য [সরকারী ওয়েবসাইটে বার বার জিজ্ঞাসিত প্রশ্নসমূহ অধ্যায়ে](#) পাওয়া যাবে।

### অন্যান্য ভেন্যু ও কর্মকাণ্ডের জন্য আইন

[কোভিড -১৯ এর নিরাপত্তা সুরক্ষা সংক্রান্ত নির্দেশনা](#) মেনে ভেন্যুগুলো বেশী লোক জমায়েত করা চালিয়ে যেতে পারবে- যেমন প্রার্থনার স্থানে ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা – কিন্তু ৬ জনের বেশী একটি গ্রুপকে কেউ ভিজিট করতে যাবেন না।

আপনি যখন এসব স্থানগুলোতে যাবেন যেমন, ধর্মীয় প্রার্থনার জায়গা, দোকান, বিনোদনের ভেন্যু, রেস্টুরেন্ট বা পাব, তাহলে আপনাকে নিম্নোক্তগুলো মেনে চলতে হবেঃ

- আপনি একটি গ্রুপ হিসেবে অন্যান্য কতজন লোকের সাথে দেখা সাক্ষাৎ করতে পারবেন সেটি মেনে চলার বিধিনিষেধ রয়েছে – আপনি যদি একসাথে বসবাস না করেন সেক্ষেত্রে ছয় জনের বেশী একসাথে দেখাসাক্ষাৎ করতে পারবেন না (বা আপনারা যদি একই সাপোর্ট বাবলের অন্তর্ভুক্ত না হন)

- আপনার গ্রুপের বাইরের কারো সাথে সামাজিক মেলামেশা এড়িয়ে চলুন, এমনকি আপনার পরিচিত কাউকে দেখলেও।
- আপনার সাথে যোগাযোগের বিবরণটি আয়োজকের কাছে দিয়ে রাখুন যাতে করে [এন এইচ এস টেস্ট এন্ড ট্রেস প্রোগ্রামের](#) কেউ যোগাযোগ করতে চাইলে যেন তারা সেটি পারে।

এসব পরিবর্তনের ব্যাপারে আরও বিস্তারিত নিম্নোক্ত সরকারী ওয়েবসাইটে পাওয়া যাবে

<https://www.gov.uk/government/publications/coronavirus-covid-19-meeting-with-others-safely-social-distancing/coronavirus-covid-19-meeting-with-others-safely-social-distancing>

এছাড়া আপনি হয়ত শব্দগুলোর ব্যাখ্যা জেনে উপকৃত হবেন, সেজন্য এখানে দেখুন

<https://raceequalityfoundation.org.uk/health-care/covid-19-translated-materials-resources/>